

## **ার্টি** সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৬২

७७/ कूत्रवानी (کتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ৮. আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কিছুর নামে যবেহ করা হারাম। যে এরূপ করে তার প্রতি লা'নত

باب تَحْرِيمِ الذَّبْحِ لِغَيْرِ اللَّهِ تَعَالَى وَلَعْنِ فَاعِلِهِ

## আরবী

حَدَّتَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَسُرَيْجُ بْنُ يُونُسَ، كِلاَهُمَا عَنْ مَرْوَانَ، قَالَ زُهَيْرٌ حَدَّثَنَا مَرْوَانَ فَالَ بُنُ مُعَاوِيَةَ الْفَزَارِيُّ، حَدَّثَنَا مَنْصُورُ بْنُ حَيَّانَ، حَدَّثَنَا أَبُو الطُّفَيْلِ، عَامِرُ بْنُ وَاثِلَةَ قَالَ كُنْتُ عِنْدَ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ فَأَتَاهُ رَجُلٌ فَقَالَ مَا كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُسِرُّ إِلَيْ شَيْئًا يَكْتُمُهُ النَّاسَ إِلَيْكَ قَالَ فَغَضِبَ وَقَالَ مَا كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُسِرُّ إِلَىَّ شَيْئًا يَكْتُمُهُ النَّاسَ غَيْرَ أَنَّهُ قَدْ حَدَّثَنِي بِكَلِمَاتٍ أَرْبَعٍ. قَالَ فَقَالَ مَا هُنَّ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ قَالَ قَالَ " لَعَنَ عَيْرَ أَنَّهُ مَنْ لَعَنَ وَالِدَهُ وَلَعَنَ اللَّهُ مَنْ ذَبَحَ لِغَيْرِ اللَّهِ وَلَعَنَ اللَّهُ مَنْ آوَى مُحْدِثًا وَلَعَنَ اللَّهُ مَنْ غَيْرَ اللَّهُ مَنْ اللَّهُ اللَّهُ مَنْ الْعَلْ اللَّهُ مَنْ اللَّهُ مَنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ مَنْ اللَّهُ مَنْ اللَّهُ مَنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ مَا اللَّهُ اللَّه

## বাংলা

৪৯৬২। যুহায়র ইবনু হারব ও সুরায়জ ইবনু ইউনুস (রহঃ) ... আবূ তুফায়ল আমির ইবনু ওয়াসিলা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আলী ইবনু আবূ তালিব (রাঃ) এর নিকট উপস্থিত ছিলাম। এক ব্যক্তি ভাঁর কাছে এসে বললো, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাকে গোপনে কি বলেছিলেন? বর্ণনাকারী বলেন, তিনি রেগে গেলেন এবং বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মানুষের নিকট থেকে গোপন রেখে আমার কাছে একান্তে কিছু বলেননি। তবে তিনি আমাকে চারটি কথা বলেছেন। বর্ণনাকারী বলেন, এরপর লোকটি বললো- হে আমীরুল মুমিনীন! সে চারটি কথা কি? তিনি বললেনঃ

- ১. যে ব্যক্তি তার পিতামাতাকে লানত করে, আল্লাহ তাকে লানত করেন
- ২. যে ব্যক্তি আল্লাহ ছাড়া অন্য কারো নামে যবেহ করে আল্লাহ তার উপর লানত করেন
- ৩. ঐ ব্যক্তির উপরও আল্লাহ লানত করেন, যে কোন বিদআতী (শরী'আতে কোন বিষয় অনুপ্রবিষ্টকারী) ব্যক্তিকে আশ্রয় দেয় এবং



৪. যে ব্যক্তি যমীনের (সীমানার) চিহ্নসমূহ পরিবর্তন করে, তার উপর আল্লাহ লানত করেন।

## **English**

Abu Tufail 'Amir b. Withila reported:

I was in the company of 'Ali b. Abi Talib, when a person came to him, and said: What was it that Allah's Apostle (\*) told you in secret? Thereupon he (liadrat 'All) was enraged and said: Allah's Apostle (\*) did not tell me anything in secret that he hid from people, except that he told me four things. He said: Com- mader of Faithful, what are these? He said: Allah cursed him who cursed his father; Allah cursed him who sacrificed for anyone besides Allah; and Allah cursed him who accommodates an innovator (in religion); and Allah cursed him who changed the minarets (the boundary lines) of the land.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমির ইবনু ওয়াসিলা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন